

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০।

এস. আর. ও. নং -----আইন/২০২১।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ২৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই প্রবিধানমালা বিশেষ নিরীক্ষা প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়-

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) “বীমাকারী” অর্থ আইনের ধারা ২(২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বিশেষ নিরীক্ষার কার্যপরিধি।**— কর্তৃপক্ষ এই প্রবিধানের প্রবিধি-৪ মোতাবেক নিয়োগকৃত এক বা একাধিক নিরীক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে বীমাকারীর বিশেষ নিরীক্ষা করিতে পারিবে। নিরীক্ষক আইন এবং ইহার অধীন প্রণীত বিধি-প্রবিধানসহ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনার আলোকে বীমাকারীর হিসাব ও ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোন বিষয়ে নিরীক্ষা পূর্বক কর্তৃপক্ষের নিকট পর্যবেক্ষণ ও সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবে।

৪। **নিরীক্ষকের নিয়োগ।**— কর্তৃপক্ষ প্রবিধি-৩ মোতাবেক বিশেষ নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন নিরীক্ষা প্রতিষ্ঠানকে নিরীক্ষক হিসেবে নিয়োগ করিতে পারিবে:

(১) বাংলাদেশ চার্টার্ড একাউন্টেন্টস অর্ডার, ১৯৭৩ (P.O. 2 of 1973) এর Article 2(1) (b) তে সংজ্ঞায়িত চার্টার্ড একাউন্টেন্টগণের মাধ্যমে গঠিত নিরীক্ষা প্রতিষ্ঠান হইতে হইবে;

(২) কোম্পানী আইন, ১৯৯৪ এর ধারা ২১২ এর বিধান মোতাবেক যোগ্যতাসম্পন্ন হইতে হইবে;

(৩) নিরীক্ষা প্রতিষ্ঠানে দুই বা ততোধিক অভিজ্ঞ অংশীদার থাকিতে হইবে;

(৪) নিরীক্ষা প্রতিষ্ঠান The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এবং কর্তৃপক্ষ কর্তৃক তালিকাভুক্ত হইতে হইবে;

(৫) নিরীক্ষা প্রতিষ্ঠানে উপযুক্ত যোগ্যতাসম্পন্ন নিরীক্ষক থাকিতে হইবে;


(৬) নিরীক্ষা প্রতিষ্ঠানের কোন অংশীদার বীমাকারীর উদ্যোক্তা, পরিচালক, উপদেষ্টা বা কোন লাভজনক দায়িত্বে সংশ্লিষ্ট থাকিতে পারিবে না;

(৭) নিরীক্ষা প্রতিষ্ঠানের ন্যূনতম ৭ বৎসরের নিরীক্ষা কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। **বিশেষ নিরীক্ষায় নিরীক্ষা প্রতিষ্ঠানের ফি।**— আইনের ধারা ২৯(৪)-এ বিশেষ নিরীক্ষায় নিয়োজিত নিরীক্ষা প্রতিষ্ঠানের ফি কর্তৃপক্ষ কাজের ধরণ ও পরিমাণের উপর ভিত্তি করিয়া নির্ধারণ করিতে পারিবে।

৬। **বিশেষ নিরীক্ষা কার্যে অসহযোগিতা।**— কোন বীমাকারী কর্তৃক বিশেষ নিরীক্ষা কার্যে যে কোন ধরণের অসহযোগিতার ক্ষেত্রে কর্তৃপক্ষ আইনের বিধান মোতাবেক তাহার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে



ড. এম. মোশাররফ হোসেন এফসিএ

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ